

## প্রথম আলো

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)

West Zone Power Distribution Company Ltd.(WZPDCL)

(An Enterprise of Bangladesh Power Development Board)

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন,

বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।

www.wzpdcl.gov.bd, e-mail: md@wzpdcl.gov.bd



স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.০০১.২৫-২৩০৮

তারিখ-৩১/০৮/২০২৫ খ্রি.

### সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সম্প্রতি একটি অসাধু চক্র কর্তৃক ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর প্রধান কার্যালয়ের নাম, ঠিকানা এবং ভূয়া স্মারক নম্বর ও স্বাক্ষর ব্যবহার করে প্রতারণামূলকভাবে অভিযোগ গ্রহণকারী, মালী ও পরিচ্ছন্নতা কর্মী পদের ভূয়া নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করে জনসাধারণকে প্রতারণিত করার চেষ্টার বিষয়টি ওজোপাডিকো কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হয়েছে।

উল্লেখ্য, ওজোপাডিকো'র সকল নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি ওজোপাডিকো'র নিজস্ব ওয়েবসাইটে প্রচার করা হয়ে থাকে এবং সকল নিয়োগের আবেদন অনলাইনে গ্রহণ করা হয়ে থাকে। বর্তমানে ওজোপাডিকো ও এর অধীনস্থ দপ্তরসমূহে অভিযোগ গ্রহণকারী, মালী ও পরিচ্ছন্নতা কর্মী পদে কোন নিয়োগ প্রক্রিয়া চলমান নেই। প্রতারণক চক্রের এ সকল ভূয়া নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রলুব্ধ হয়ে কোন প্রকার আর্থিক লেনদেন না করার বিষয়ে সকলকে সতর্ক থাকার অনুরোধ করা হলো। নিয়োগ সংক্রান্ত যে কোনো তথ্যের প্রয়োজন হলে ওজোপাডিকো'র ওয়েবসাইট (www.wzpdcl.gov.bd) ভিজিট বা প্রধান কার্যালয়ে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে—

মো : রশ্মুল আমিন

কোম্পানি সচিব (অতি : দায়িত্ব)

ওজোপাডিকো, খুলনা।

ই-মেইল : cs@wzpdcl.gov.bd